গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৮
www.moa.gov.bd.

**বিষয়ঃ ২০১৪-১৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচী সমুহের উপর গত ২৯/০৩/২০১৫ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ফেব্রুয়ারি, ২০১৫ সময়ে) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ২৯/০৩/২০১৫ |
| সময় | ঃ | সকাল-১০.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয় |
| সভাপতি | ঃ | মতিয়া চৌধুরী<br>মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে উপ-প্রধান এডিপি বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। সভার শুরুতে গত ২৬/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত জানুয়ারি, ২০১৫ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করা হয়। কার্যবিবরণীর উপর কোন সংশোধন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

২। **আলোচনাঃ**

**আলোচ্য বিষয়-২** ঃ ২০১৪-১৫ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২.১ সভাকে অবহিত করা হয় যে, কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০১৪-১৫ অর্থ বছরের এডিপিতে ৫৬টি প্রকল্পের (বিনিয়োগ ৫২টি+কারিগরী ২টি+জেডিসিএফ অর্থায়িত ২টি) অনুকূলে মোট বরাদ্দ ১৪৬৭.৯৭ কোটি টাকা [(জিওবি ১১১৯.২৯ টাকা (৭৬%) এবং প্রকল্প সাহায্য ৩৪৮.৬৮ কোটি টাকা (২৪%)]। বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৭৪৪.৬৫ কোটি টাকা যা মোট বরাদ্দের ৫১%। এর মধ্যে জিওবি খাতে ব্যয় হয়েছে ৫৭১.৬৫ কোটি টাকা (জিওবি বরাদ্দের ৫১%) এবং প্রকল্প সাহায্য খাতে ব্যয় হয়েছে ১৭৩.০০ কোটি টাকা (প্রকল্প সাহায্য বরাদ্দের ৫০%)। গত ২০১৩-১৪ অর্থ বছরের একই সময়ে মন্ত্রণালয়ের এডিপি বাস্তবায়ন অগ্রগতি ছিল ৪৭%। উল্লেখ্য, ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর জাতীয় মোট গড় ব্যয় ৩৮%। জাতীয় গড়ের তুলনায় মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতি সন্তোষজনক হলেও বিজেআরআই ও বিনার আর্থিক অগ্রগতি কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামীতে এ দু'টি সংস্থার প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য নির্দেশনা দেয়া হয়।

২.২ সভায় জানানো হয় যে, ২০১৪-১৫ অর্থবছরের এডিপি বরাদ্দ অনুযায়ী বাস্তবায়নাধীন ৫৬টি প্রকল্পের মধ্যে ২৬টি বৃহৎ প্রকল্পের (এডিপি বরাদ্দ ২৫.০০ কোটি টাকার উর্ধ্বে) অনুকূলে মোট ১২২৫.৫৪ কোটি টাকা বরাদ্দ রয়েছে যা মোট এডিপি বরাদ্দের ৮৪%। মন্ত্রণালয়ের সার্বিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি এসব প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির উপর নির্ভরশীল। ২৬টি প্রকল্পের অনুকূলে ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৬১৬.২৮ কোটি টাকা যা ঐ ২৬টি প্রকল্পের মোট বরাদ্দের ৫০%। সভায় বৃহৎ বরাদ্দ প্রাপ্ত এ ২৬টি প্রকল্প নিয়ে বিশদ আলোচনা হয়। তন্মধ্যে ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি প্রকল্পের কৃষি মন্ত্রণালয়ের অংগের অগ্রগতি কম হওয়ার বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। এছাড়া ৩টি মোবাইল এপস তৈরী সম্পন্ন হয়েছে। এগুলোর অনুকূলে বিল পরিশোধ করলে আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের ডিএএম অংগের অগ্রগতি কম হওয়ার বিষয়ে সভাকে জানান হয় যে, ডিপিপি অনুযায়ী কৃষি পণ্যের বাজারজাতকরণের নিমিত্ত জমি লীজ নিয়ে ৩টি এসেমব্লিং সেন্টার নির্মাণের সংস্থান আছে। কিন্তু জমি লীজ না পাওয়ায় এ সকল অবকাঠামো নির্মাণ করা যায়নি বিধায় অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। তাই ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তবে ইতোমধ্যে ৩টি জেলার জমি পাওয়া গিয়েছে। সভায় ডিপিপি দ্রুত সংশোধনপূর্বক প্রকল্পের কার্যক্রমের গতি ত্বরান্বিত করার জন্য পরামর্শ দেয়া হয়। কন্দাল

ফসল উন্নয়ন প্রকল্পের বারি অংগের অগ্রগতি কম হওয়ার বিষয়ে সভায় জানানো হয় যে, চলতি অর্থ বছরে এ অংগে গাড়ী ক্রয়ে ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। গাড়ী ক্রয়ের সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আগামী মাসে আর্থিক ব্যয় বাড়বে।

২.৩ ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজী ২য় পর্যায় প্রকল্প গ্রহণের বিষয়ে সভাকে উল্লেখ করা হয় যে, ডিপিপি প্রণয়নপূর্বক তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ে এটি পরীক্ষা-নীরিক্ষা করে শ্রীঘ্রই পরবর্তী প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। এনএটিপি ১ম পর্ব বাস্তবায়নে অর্জিত অভিজ্ঞতা কাজে লাগিয়ে ২য় পর্যায়ে গৃহীত এ প্রকল্প দ্রূত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করে বাস্তবায়নের কাজ শুরু করার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মাণ প্রকল্প বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। সভাকে অবহিত করা হয় যে, চায়নিজ প্রযুক্তিতে নির্মিত রাবার ব্যাগের জীবনকাল প্রায় ২০ বছর হয়ে থাকে। ১৯৯৪-৯৫ থেকে ২০০৭-০৮ সময়কালে নির্মিত ১৭টি রাবার ড্যামের মধ্যে ৭টি রাবার ড্যামের ব্যাগ পরিবর্তন ও পুনর্বাসন করা প্রয়োজন। পাশাপাশি আরও ৫টি রাবার ড্যাম মেরামত প্রয়োজন। যুগ্ম-প্রধান সভাকে অবহিত করেন যে, প্রস্তাবিত এ ১২টি রাবার ড্যামের মধ্যে নালিতাবাড়ীর ভোগাই নদীর রাবার ড্যামের সংস্কার ও রাবার ব্যাগ পরিবর্তনের জন্য ৫.৫০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি কর্মসূচী অর্থ বিভাগে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন আছে। তিনি আরও বলেন যে, রাবার ড্যামগুলোর দ্রুত মেরামতের গুরুত্ব বিবেচনায় চলমান রাবার ড্যাম নির্মাণ প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা গত ২৫/০৩/২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভায় প্রস্তাবিত অবশিষ্ট ১১টি রাবার ড্যাম মেরামত/সংস্কার/রাবার ব্যাগ পরিবর্তনে প্রায় ২৮.০০ কোটি টাকা প্রয়োজন মর্মে এলজিইডি হতে জানান হয়। এ বৃহৎ ব্যয় কর্মসূচীর মাধ্যমে করা সম্ভব নয় । অধিকন্তু, নতুন প্রকল্প গ্রহণ সময় সাপেক্ষ এবং এতে করে প্রকল্পের ওভারহেড ব্যয় বৃদ্ধি পাবে। সভায় বাস্তবায়নাধীন "খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মাণ" প্রকল্পটিতে প্রস্তাবিত ১১টি রাবার ড্যাম মেরামত/সংস্কার/রাবার ব্যাগ পরিবর্তনের বিষয়টি অন্তর্ভূক্তপূর্বক প্রকল্পটি সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এডিপি সভায় এ বিষয়ে একমত পোষণ করে দ্রূত ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহনের নির্দেশনা দেয়া হয়।

২.৪ দ্বিতীয় শস্য বহুমূখীকরণ প্রকল্পের আর্থিক অগ্রগতি কম হওয়ার বিষয়ে সভাকে জানানো হয় যে, এডিপিতে নির্মাণ খাতে অধিকাংশ বরাদ্দ আছে। তাছাড়া পিকআপ ক্রয়ের বিষয়টি প্রক্রিয়াধীন। এ কাজগুলো দ্রূত সম্পাদনের প্রচেষ্টা নেয়া হয়েছে। এ খাতের বিল পরিশোধ করা হলে অগ্রগতি সন্তোষজনক হবে। বাংলাদেশ ফাইটোসেনিটারী সামর্থ শক্তিশালীকরণ প্রকল্পের বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, মার্চ'২০১৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে এডিপিতে বরাদ্দকৃত অর্থের ৫৫ ভাগ। ইতোমধ্যে সম্পাদিত কাজের অনুকূলে বিল পরিশোধ করলে আর্থিক অগ্রগতি বাড়বে। সমন্বিত খামার ব্যবস্থাপনা অঙ্গ, কৃষি উৎপাদন ও কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পের বিষয়ে আলোচনাকালে সভায় বলা হয় যে, প্রকল্পের অধিকাংশ ব্যয়ই জনবলের বেতন-ভাতাদি। কিন্তু প্রকল্পের ডানিডা অংশে জনবল নিয়োগে বিলম্ব হওয়ায় অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। তবে এ অংশের জনবল ফেব্রুয়ারি'২০১৫ মাসে যোগদান করেছে। ফলে আগামী মাস হতে আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। দক্ষিণ উপকূলীয় অঞ্চলে বীজ বর্ধন খামার স্থাপন প্রকল্পের ব্যয় কম হওয়ার বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পটি গত ডিসেম্বর মাসে সংশোধন করা হয়েছে। তাই এডিপিতে এ প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্ত অর্থ ব্যয় কম হয়েছে। প্রকল্পের প্রকৃত প্রয়োজনীয়তা যাচাই করে আরএডিপিতে বরাদ্দ সমন্বয় করা হয়েছে। এ পর্যায়ে সভাকে অবহিত করা হয় যে, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী'র (নাটা) প্রস্তাবিত প্রকল্পটি আরএডিপি'র সবুজ পাতায় অন্তর্ভূক্ত করা হয়েছে। নাটা হতে ডিপিপি পাওয়া গিয়েছে যা মন্ত্রণালয়ে পরীক্ষাধীন রয়েছে। প্রসংগক্রমে সভাপতি কৃষি মন্ত্রণালয়ের আওতায় এডিপি/আরএডিপি'র সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণের হালনাগাদ তথ্যসহ যে সকল প্রকল্প একনেক এ উপস্থাপনের অপেক্ষায় রয়েছে এমন প্রকল্পগুলোর তথ্য পরবর্তী এডিপি পর্যালোচনা সভায় উপস্থাপনের নির্দেশ দেন।

২.৫ **দরপত্র পর্যালোচনাঃ**

সভায় জানানো হয় যে, ২০১৪-১৫ অর্থ বছরে এডিপিভুক্ত অনুমোদিত প্রকল্পসমূহের ফেব্রুয়ারি'১৫ পর্যন্ত মোট ৪৪৯টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। লক্ষ্যমাত্রার বিপরীতে ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত ৪৪৮টি (৯৯.৭৭%) দরপত্র আহ্বান করা হয়েছে যার মধ্যে মোট ৪২৯ টির কার্যাদেশ প্রদান করা হয়েছে যা মোট দরপত্রের লক্ষ্যমাত্রার ৯৬%।

৩। **আলোচ্য বিষয়-৩ঃ** ২৬/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৬/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত জানুয়ারি'২০১৫ সময়ের এডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। এসব সিদ্ধান্তসমূহ আলোচনাকালে সভায় উল্লেখ করা হয় যে, মুজিব নগরের মাথাভাংগা নদী ও কুষ্টিয়ার ভেড়ামারায় হিসনা-পদ্মা নদী সংযোগ খালের উপর নির্মিত সরু সেতুগুলো অনেক পুরাতন ও ইতোমধ্যে জরাজীর্ণ হয়ে পড়েছে। এ নদী/সংযোগ খালের উপর সরু ও জরাজীর্ণ সেতুগুলো মেরামত, সংস্কার ও প্রতিস্থাপনের নিমিত্ত বিএডিসি ও এলজিইডি যৌথভাবে সমীক্ষা পরিচালনাপূর্বক আগামী এক মাসের মধ্যে সুপারিশসহ একটি বিস্তারিত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। কৃষি মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প বা রাজস্ব বাজেটের আওতায় কৃষক পর্যায়ে কেবলমাত্র ফলদ ঔষধি গাছের চারা বিতরণ করতে হবে মর্মে সভায় নির্দেশনা দেয়া হয়। চলতি অর্থ বছরের বৃক্ষ রোপণ সপ্তাহের জন্য বরাদ্দকৃত অর্থের অর্ধেক উন্নত জাতের নারিকেলের চারা এবং অবশিষ্ট অর্থ ফলদ ও ঔষধি গাছের চারা বিতরণে ব্যয় করতে হবে মর্মেও সভায় নির্দেশনা দেয়া হয়। উচ্চ ফলনশীল ভুট্টার জাতের উৎপাদন সময় (সীড টু সীড) কমিয়ে আনার জন্য গবেষণা জোরদার করার জন্য সভায় তাগিদ দেয়া হয়। কৃষি জমিতে সেচ প্রদানের ক্ষেত্রে পানির অপচয় রোধে দিনের বেলার পরিবর্তে যথাসম্ভব রাত্রে সেচ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় নির্দেশনা দেয়া হয়।

মাঠ পর্যায়ে প্রচলিত ড্রাম সিডারের মাধ্যমে বীজ বপনের পর তা স্বয়ংক্রিয়ভাবে বীজগুলো মাটি দিয়ে চাপা পড়ে না বিধায় তা পাখি খেয়ে ফেলে অথবা পুনরায় মাটি চাপা দেয়ার জন্য অতিরিক্ত শ্রমিকের প্রয়োজন হয় বিধায় কৃষক পর্যায়ে এ যন্ত্র ব্যবহারে অনীহা পরিলক্ষিত হচ্ছে। তাই বীজ বপণের সাথে সাথে যাতে স্বয়ংক্রিয়ভাবে বীজগুলো মাটি দিয়ে চাপা পড়ে ড্রাম সিডারে এমন ব্যবস্থা সংযোজনের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। কৃষি কাজে যথাসম্ভব কম পানি ব্যবহারের মাধ্যমে ফসল উৎপাদন করা যায় সে লক্ষ্যে আউসের উন্নত ও অধিক ফলনশীল জাত উদ্ভাবনে গবেষণা কার্যক্রম জোরদার করার জন্য সভায় তাগিদ দেয়া হয়। নেদারল্যান্ড কর্তৃক আলুর লবনাক্ততা সহিষ্ণু জাত উদ্ভাবিত হয়েছে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। দেশের দক্ষিণাঞ্চলে আলু চাষ বিস্তারের জন্য দ্রুত লবণাক্ততা সহিষ্ণু জাত উদ্ভাবনের কার্যক্রম গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। সভায় আলোচনা হয় যে, ধানের তুষ থেকে উৎপাদিত তৈল স্বাস্থ্যসম্মত ও কোলেস্টোরেল মুক্ত। দেশের সকল রাইছ মিলের মাধ্যমে ধানের তুষ থেকে তেল উৎপাদন সম্ভব হলে দেশের তেলের চাহিদা মেটানোর পাশাপাশি প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হবে। দেশের রাইছ মিলগুলোর উপজাত তুষ থেকে ভোজ্য তেল উৎপাদনে সমস্যাগুলো চিহ্নিতপূর্বক মিলারদের/রাইছ ব্রান অয়েল উৎপাদনকারীদের যথাসম্ভব কি ধরনের সহায়তা প্রদান করলে মিলারদের মাধ্যমে তেল উৎপাদন সম্ভব হবে এ বিষয়ে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে মর্মে সভায় নির্দেশনা দেয়া হয়। বৃহৎ প্রকল্পের ভৌত কার্যাদির বাস্তব অগ্রগতির ভিডিও প্রদর্শনীতে একাধিক অংগ সম্বলিত প্রকল্পের ক্ষেত্রে অন্যান্য অংগের সাথে সমন্বয় করে পিসিইউ ইউনিট/লীড এজেন্সি'র সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক তা এডিপি সভায় উপস্থাপন করতে হবে। তথ্য উপস্থাপনের ক্ষেত্রে শুধুমাত্র প্রকল্পের কার্যক্রমের বাস্তব অগ্রগতি উপস্থাপন করার জন্য সভায় পরামর্শ দেয়া হয়।

৪। **আলোচ্য বিষয়-৪ঃ** রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহ পর্যালোচনা

২০১৪-১৫ অর্থ বছরে ৫৯ টি কর্মসূচির অনুকূলে ১৬২.২৩ কোটি টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৮৩.২৩ কোটি টাকা যা বরাদ্দের ৫১% এবং ব্যয় হয়েছে ৭৫.৯০ কোটি টাকা যা বরাদ্দের ৪৬.৭৮%। সভায় কর্মসূচীসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ যথাসময়ে ব্যয় এবং কার্যক্রম বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়।

**৫। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।**

| ক্র: নং | সিদ্ধান্ত | সংস্থা |
|---|---|---|
| ৫.১ | "খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মাণ" প্রকল্পে দেশের বিভিন্ন এলাকায় চিহ্নিত ১১টি রাবার ড্যাম মেরামত/সংস্কার/রাবার ব্যাগ পরিবর্তনের বিষয়টি অন্তর্ভুক্তপূর্বক প্রকল্পটি দ্রুত সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিএই, বিএডিসি ও এলজিইডি |
| ৫.২ | মুজিবনগরের মাথাভাংগা নদী ও কুষ্টিয়ার ভেড়ামারায় হিসনা-পদ্মা নদী সংযোগ খালের উপর নির্মিত সরু ও জরাজীর্ণ সেতুগুলো মেরামত, সংস্কার ও প্রতিস্থাপনের নিমিত্ত বিএডিসি ও এলজিইডি যৌথভাবে সমীক্ষা পরিচালনাপূর্বক আগামী এক মাসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে। | বিএডিসি ও এলজিইডি |

| | | |
|---|---|---|
| ৫.৩ | ক) কৃষি মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প বা রাজস্ব বাজেটের আওতায় কৃষক পর্যায়ে কেবলমাত্র ফলদ ও ঔষধি গাছের চারা বিতরণ করতে হবে।<br>খ) চলতি অর্থ বছরের বৃক্ষ রোপণ সপ্তাহের জন্য বরাদ্দকৃত অর্থের অর্ধেক উন্নত জাতের নারিকেলের চারা এবং অবশিষ্ট অর্থ ফলদ ও ঔষধি গাছের চারা বিতরণে ব্যয় করতে হবে। | সকল সংস্থা<br>কৃষি মন্ত্রণালয় ও সকল সংস্থা |
| ৫.৪ | উচ্চ ফলনশীল ভুট্টার জাতের উৎপাদন সময় (সীড টু সীড) কমিয়ে আনার জন্য গবেষণা জোরদার করতে হবে। | বিএআরআই |
| ৫.৫ | ড্রাম সিডারের মাধ্যমে বীজ বপণের সাথে সাথে যাতে স্বয়ংক্রিয়ভাবে বীজগুলো মাটি দিয়ে চাপা পড়ে ড্রাম সিডারে এমন ব্যবস্থা সংযোজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিএআরআই ও বিআরআরআই |
| ৫.৬ | দেশের দক্ষিণাঞ্চলে আলু চাষ বিস্তারের জন্য দ্রুত লবণাক্ততা সহিষ্ণু জাত উদ্ভাবনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | বিএআরআই |
| ৫.৭ | কৃষি কাজে যথাসম্ভব কম পানি ব্যবহারের মাধ্যমে ফসল উৎপাদন করা যায় সে লক্ষ্যে আউসের উন্নত ও অধিক ফলনশীল জাত উদ্ভাবনে গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে। | বিআরআরআই |
| ৫.৮ | দেশের রাইছ মিলগুলোর উপজাত তুষ থেকে ভোজ্য তেল উৎপাদনে সমস্যাগুলো চিহ্নিতপূর্বক রাইছ মিলারদের/রাইছ ব্রান অয়েল উৎপাদনকারীদের কী ধরনের সহায়তা প্রদান করা প্রয়োজন এ বিষয়ে একটি প্রতিবেদন প্রণয়নপূর্বক আগামী ০১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | বিএআরসি, বিআরআরআই ও বিএআরআই |
| ৫.৯ | কৃষি জমিতে সেচ প্রদানের ক্ষেত্রে পানির অপচয় রোধে দিনের বেলার পরিবর্তে রাত্রে সেচ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিএডিসি, বিএমডিএ ও ডিএই |
| ৫.১০ | কৃষি মন্ত্রণালয়ের আওতায় এডিপি/আরএডিপি'র সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণের হালনাগাদ তথ্যসহ যে সকল প্রকল্প একনেক এ উপস্থাপনের অপেক্ষায় রয়েছে এমন প্রকল্পগুলোর তথ্য পরবর্তী এডিপি পর্যালোচনা সভায় উপস্থাপন করতে হবে। | পরিকল্পনা উইং, কৃষি মন্ত্রণালয় |

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯/০৪/২০১৫
**মতিয়া চৌধুরী, এম.পি**
**মন্ত্রী**
**কৃষি মন্ত্রণালয়।**